

২০১৮

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র

পূর্ণমান - ১০০

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

- ১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) কালিদাস রচিত কাব্যগুলির নাম উল্লেখ করে যে-কোনো দুটি কাব্য অবলম্বনে তাঁর কবিপ্রতিভার মূল্যায়ন করো। ৩+৬+৬
- (খ) শূদ্রক-এর 'মৃচ্ছকটিকম্' নাটকে সমাজবাস্তবতার যে-রূপটি ধরা পড়েছে তা আলোচনা করে দেখাও এবং এ-বিষয়ে নাট্যকারের স্বাতন্ত্র্য বিশ্লেষণ করো। ১০+৫
- (গ) নাট্যকার হিসাবে ভবভূতির কৃতিত্ব আলোচনা করো। ১৫
- ২। যে-কোনো দুটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো : ৫+৫
- অভিজ্ঞানশকুন্তলম্, বিক্রমোর্ধ্বশীয়ম্, ঋতুসংহার, কাদম্বরীকথা, গীতগোবিন্দম্।
- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) শেকস্পীরের একটি ট্রাজেডি এবং একটি কমেডি নাটক অবলম্বনে নাটকরচনায় শেকস্পীর-এর কৃতিত্ব আলোচনা করো। ৭^১/_২+৭^১/_২
- (খ) ঐতিহাসিক ঔপন্যাসিক হিসাবে ওয়ালটার স্কট-এর অবদান আলোচনা করো। ১৫
- (গ) রোমান্টিক যুগের অন্যতম শ্রেষ্ঠ কবি ওয়ার্ডসওয়ার্থ-এর কাব্যপ্রতিভার পরিচয় দাও। ১৫
- ৪। যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ৫+৫
- প্যারাডাইস রিগেনেইড, ডেভিড কপারফিল্ড, ওয়েস্টল্যান্ড, অ্যাডোনেইস, ম্যান অ্যান্ড সুপারম্যান।
- ৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) প্রেমচন্দ্রের দুটি উপন্যাস অবলম্বনে ঔপন্যাসিক হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ১৪
- (খ) নাট্যকার হিসাবে ভারতেন্দু হরিশ্চন্দ্রের কৃতিত্ব বিচার করো। ১৪
- (গ) কবি মহাদেবী বর্মার কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে হিন্দী সাহিত্যের ইতিহাসে তাঁর গুরুত্ব নির্ণয় করো। ১৪
- ৬। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৪
- সদগতি, কুকুরমুণ্ডা, মেলা-আঁচল।

৭। (ক) 'চিত্তের রতি প্রভৃতি স্থায়ীভাব, (কাব্যের) বিভাব, অনুভাব ও সঞ্চরীর সহযোগে, রূপান্তর প্রাপ্ত হয়ে, রসে পরিণত হয়'। — আলোচনা করো।

১৬

অথবা

(খ) সংক্ষিপ্ত আলোচনা করো (যে-কোনো দুটি) :

৮+৮

(অ) কাব্যং গ্রাহমলংকারাৎ।

(আ) কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয় — সহৃদয় কাব্যপাঠকের মন।

(ই) এই অতিরিক্ত বস্তুই কাব্যের আত্মা।

৮। (ক) 'যেমনটি ঠিক তেমনই লিপিবদ্ধ করা সাহিত্য নহে' — মন্তব্যটি রবীন্দ্রনাথের 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অনুসরণে বিশ্লেষণ করো।

১৬

অথবা

(খ) যে-কোনো দুটি উদ্ধৃতির সংক্ষিপ্ত আলোচনা করো :

৮+৮

(অ) সাহিত্যকারের সেই মানবত্বই সৃজনকর্তা।

(আ) সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববানী।

(ই) সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।